বণিক বার্তা
রোববার, অক্টোবর ১১, ২০২৬ ■ আশ্বিন ২৬, ১৪৩৩

এনএসইউতে আন্তর্জাতিক ভাষা অলিম্পিয়াডের পুরস্কার বিতরণ

North South University Library ★1992★

বণিক বার্তা ডেস্ক ■



নর্থ সাউথ ইউনিভার্সিটির (এনএসইউ) ডিপার্টমেন্ট অব ইংলিশ অ্যান্ড মডার্ন ল্যাঙ্গুয়েজ (ডিইএমএল) আয়োজিত বেকম্যান'স চতুর্থ ইন্টারন্যাশনাল ল্যাঙ্গুয়েজ লিগের চূড়ান্ত পর্ব ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ সরকারের প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী ববি হাজ্জাজ। বিশেষ অতিথি ছিলেন নর্থ সাউথ ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টিজের সদস্য ও সাবেক চেয়ারম্যান বেনজীর আহমেদ। সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশে চীনা দূতাবাসের কালচারাল কাউন্সেলর লি শাওফেং এবং আকিজ বেকার্স লিমিটেডের নির্বাহী পরিচালক (মার্কেটিং) মো. শফিকুল ইসলাম তুষার। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন নর্থ সাউথ ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক আবদুল হান্নান চৌধুরী। এছাড়া আরো উপস্থিত ছিলেন এনএসইউর উপ-উপাচার্য অধ্যাপক নেছার ইউ আহমেদ, মানবিক ও সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক মো. রিজওয়ানুল ইসলাম এবং এনএসইউর ইংরেজি ও আধুনিক ভাষা বিভাগের সহযোগী অধ্যাপক ও বিভাগীয় প্রধান ড. নাজিয়া মনজুর।

ইংরেজি ও আধুনিক ভাষা বিভাগের বিভাগীয় প্রধান ড. নাজিয়া মনজুর প্রতিযোগীদের উৎসাহ এবং আয়োজনের সঙ্গে সংশ্লিষ্ট সবার নিষ্ঠার প্রশংসা করেন। প্রধান অতিথি ববি হাজ্জাজ ভাষা লিগের ব্যাপকতা ও গুরুত্ব তুলে ধরে বলেন, 'নর্থ সাউথ ইউনিভার্সিটির ইংলিশ অ্যান্ড মডার্ন ল্যাঙ্গুয়েজ বিভাগের এ উদ্যোগটি অসাধারণ। ভাষার মাধ্যমে শিক্ষার্থীদের একত্র করার পাশাপাশি এটি তরুণদের ভাষাগত দক্ষতা বিকাশ ও তা তুলে ধরার জন্য একটি মূল্যবান সুযোগ তৈরি করেছে।'

ভাষা লিগের চতুর্থ আসরে দেশের বিভিন্ন জেলার ৫৬০টি শিক্ষাপ্রতিষ্ঠানে প্রচার কার্যক্রম, কর্মশালা ও বাছাইপর্বের মাধ্যমে শিক্ষার্থীদের অংশগ্রহণ নিশ্চিত করা হয়। এতে এক লাখের বেশি শিক্ষার্থী অংশ নেয়। তাদের মধ্য থেকে কয়েক হাজার প্রতিযোগী বিভাগীয় পর্যায়ের বিভিন্ন পর্বে অংশ নেয়ার সুযোগ পায়। ঢাকা, চট্টগ্রাম, খুলনা বিভাগের যশোর ও নড়াইল, সিলেট, রাজশাহী বিভাগের বগুড়া, বরিশাল, রংপুর বিভাগের পঞ্চগড় এবং ময়মনসিংহে এসব পর্ব অনুষ্ঠিত হয়। পরবর্তী সময়ে চূড়ান্ত পর্বের জন্য প্রতিযোগীদের নির্বাচন করা হয়। বিভিন্ন বয়সভিত্তিক ও ভাষাভিত্তিক বিভাগে শেষ পর্যন্ত ২৬১ জন বিজয়ী নির্বাচিত হয়।